# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
## চট্টগ্রাম।

### নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং- ০১/২০১৮ তারিখ: ২৯-০১-২০১৮

নিম্নে বর্ণিত বেতন স্কেলে এবং রীতি মোতাবেক দেয় অন্যান্য ভাতায় এ বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদে শিক্ষক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| | | | |
|---|---|---|---|
| ১। সহকারী অধ্যাপক/প্রভাষক | - | ম্যানেজমেন্ট বিভাগ | - ০১(এক) টি স্থায়ী; |
| ২। প্রভাষক | - | ম্যানেজমেন্ট বিভাগ | - ০১(এক) টি স্থায়ী; |
| ৩। প্রভাষক | - | ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স বিভাগ | - ০৩(তিন) টি স্থায়ী; |
| ৪। প্রভাষক | - | ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগ | - ০৩(তিন) টি স্থায়ী; |
| ৫। প্রভাষক(ভাষাবিজ্ঞান বিষয়) | - | আধুনিক ভাষা ইনস্টিটিউট | - ০৩(তিন) টি ছুটিজনিত অস্থায়ী; |
| ৬। প্রভাষক (শিক্ষা,বিজ্ঞান শাখা) (সহকারী অধ্যাপক/প্রভাষক পদের বিপরীতে) | - | ইনস্টিটিউট অব এডুকেশন এন্ড রিসার্চ | - ০১(এক) টি স্থায়ী; |
| ৭। প্রভাষক (শিক্ষা,কলা/সমাজ বিজ্ঞান শাখা) | - | ইনস্টিটিউট অব এডুকেশন এন্ড রিসার্চ | - ০২(দুই) টি স্থায়ী; |

৮। প্রভাষক(সহকারী অধ্যাপক/প্রভাষক পদের বিপরীতে)-ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগ-০৩(তিন)টি স্থায়ী।

**বেতন স্কেল :**

১। সহকারী অধ্যাপক ঃ জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেড;
২। প্রভাষক ঃ জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেড।

**প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতা:**

১। **সহকারী অধ্যাপক:**

ম্যানেজমেন্ট বিভাগে সহকারী অধ্যাপক পদে শিক্ষক নিয়োগের শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্ট বিভাগে প্রভাষক পদে নিয়োগের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতার অনুরূপ {নিম্নের ২(ক)এর অনুরূপ} হবে। তাছাড়া ন্যূনতম ০৩(তিন) বছরের সক্রিয় শিক্ষকতা/পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে, যার মধ্যে কোনো সরকারি বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে ১(এক) বছর সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রভাষক থাকাকালীন সময়ে স্বীকৃত জার্নালে প্রকাশিত একটি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

২। **প্রভাষক:**

(ক) **ম্যানেজমেন্ট বিভাগের প্রভাষক পদে নিয়োগের যোগ্যতা ঃ**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের যে কোনো ৩(তিন) টি স্তরে প্রথম বিভাগ/শ্রেণিসহ সংশ্লিষ্ট বিষয়ে বি.বি.এ.(অনার্স) ও এম.বি.এ. ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণি থাকবে না সে স্তরে কমপক্ষে ৫৫% মার্কস থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টিতে ন্যূনতম জি.পি.এ. ৩.০০ এবং সংশ্লিষ্ট বিষয়ে বি.বি.এ.(অনার্স) ও এম.বি.এ. ডিগ্রিতে ন্যূনতম সি.জি.পি.এ./ জি.পি.এ.একটিতে ৩.৭০ ও অন্যটিতে ৩.৬০ থাকতে হবে।

(খ) **ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স বিভাগ এবং ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগে প্রভাষক পদে নিয়োগের যোগ্যতা:**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের যে কোনো ০৩(তিন) টি স্তরে প্রথম বিভাগ/শ্রেণিসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণি থাকবে না সে স্তরে কমপক্ষে ৫৫% মার্কস থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি. /সমমান ও এইচ.এস.সি. /সমমান পরীক্ষায় উভয়টিতে ন্যূনতম জি.পি.এ. ৩.০০ থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম সি.জি পি.এ./ জি.পি.এ. একটিতে ৩.৬৫ ও অন্যটিতে ৩.৫০ থাকতে হবে। বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. একটিতে ৩.৬০ ও অন্যটিতে ৩.৫০ থাকতে হবে।

চলমান-২

২৯/০১/২০১৮

(গ) **আধুনিক ভাষা ইনস্টিটিউটের প্রভাষক (ভাষাবিজ্ঞান বিষয়) পদে নিয়োগের যোগ্যতা:**

আধুনিক ভাষা ইনস্টিটিউটে প্রভাষক (ভাষাবিজ্ঞান বিষয়) পদের জন্য পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টিতে প্রথম বিভাগ এবং সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির যে কোনো একটিতে ন্যূনতম ৫৫% মার্কস ও অন্যটিতে ন্যূনতম ৫০% মার্কসসহ দ্বিতীয় শ্রেণি থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় প্রত্যেকটিতে আলাদা আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৩.০০ অথবা উক্ত দু'টি পরীক্ষার মোট জি.পি.এ. ন্যূনতম ৭.০০ থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো গ্রেডিং পদ্ধতিতে এবং বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে উক্ত দুটি ডিগ্রির যে কোনো একটিতে ন্যূনতম সি.জি.পি.এ./ জি.পি.এ. ৩.৩০ ও অন্যটিতে সি.জি.পি.এ/জি.পি.এ ৩.২৫ থাকতে হবে।

(ঘ) **ইনস্টিটিউট অব এডুকেশন এন্ড রিসার্চ-এর প্রভাষক পদে নিয়োগের যোগ্যতা :-**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের যে কোনো ৩টি স্তরে ১ম বিভাগ/শ্রেণিসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণি থাকবে না সে স্তরে কমপক্ষে ৫৫% মার্কস থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি. /সমমান ও এইচ.এস.সি. /সমমান পরীক্ষায় প্রত্যেকটিতে আলাদা আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৩.০০ অথবা উক্ত দু'টি পরীক্ষার মোট জি.পি.এ. ন্যূনতম ৭.০০ থাকতে হবে। পুরনো গ্রেডিং পদ্ধতিতে উর্ত্তীণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির উভয়টিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ.৩.৫০ থাকতে হবে। বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির একটিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. ৩.৫০ ও অন্যটিতে **ন্যূনতম সি.জি.পি.এ./ জি.পি.এ. ৩.৪০ থাকতে হবে।**

(ঙ) **ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগে প্রভাষক পদে নিয়োগের যোগ্যতা :-**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে অনার্স ও মাস্টার্স ডিগ্রির যে কোনো একটিতে প্রথম শ্রেণিসহ শিক্ষা জীবনের যে কোনো দুইটি স্তরে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। তবে ক্রীড়া শিক্ষায় উচ্চতর ডিগ্রি বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচনা করা যেতে পারে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি. /সমমান পরীক্ষায় প্রত্যেকটিতে আলাদা আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৩.০০ অথবা উক্ত দু'টি পরীক্ষার মোট জি.পি.এ. ন্যূনতম ৭.০০ থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. একটিতে ৩.৫০ ও অন্যটিতে ৩.৩০ থাকতে হবে। বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির একটিতে ন্যূনতম জি.পি.এ/সি.জি.পি.এ. ৩.৪০ ও অন্যটিতে জি.পি.এ./ সি.জি.পি.এ. ৩.৩০ থাকতে হবে। শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণি থাকলে প্রার্থিতা বিবেচিত হবে না।

**প্রত্যেক বিভাগে/ইনস্টিটিউটে প্রভাষক পদে নিয়োগের বেলায় প্রার্থীর দ্বিতীয় মাস্টার্স/এম.ফিল/পি-এইচ.ডি.ডিগ্রি থাকলে সে ক্ষেত্রে যে কোনো একটি পর্যায়ে (এস.এস.সি./এইচ.এস.সি./অনার্স/ মাস্টার্স) গ্রেডিং পদ্ধতিতে জি.পি.এ./সি.জি.পি.এ. ০.২৫ এবং শ্রেণি পদ্ধতিতে ৫% মার্কস শিথিল করা যাবে।**

নিয়ম অনুযায়ী নিয়োগের শর্তাদি পূরণ সাপেক্ষে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য ৩০% কোটা নির্ধারিত আছে। এ ক্ষেত্রে প্রার্থীকে দরখাস্তের উপরে **'মুক্তিযোদ্ধা কোটা'** উল্লেখ করতে হবে এবং মুক্তিযোদ্ধার যথাযথ সনদপত্রের সত্যায়িত কপি দরখাস্তের সাথে সংযোজন করতে হবে।

উক্ত পদে নিয়োগ পেলে সংশ্লিষ্ট শিক্ষককে এ বিশ্ববিদ্যালয়ে প্রথম যোগদানের পর পরবর্তী ২(দুই) বছর চাকরি করতে হবে এবং যোগদানের সময় এ মর্মে একটি অংগীকার প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষকের অন্য কোনো চাকরির আবেদন অন্য কোনো প্রতিষ্ঠানে ফরোয়ার্ড করা হবে না।

ব্যক্তিগতভাবে যোগাযোগ করে রেজিস্ট্রার অফিস হতে অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট http://www.cu.ac.bd. হতে Download করে আবেদনপত্র ও প্রকাশনার নির্ধারিত ফরম সংগ্রহ করা যাবে। সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য ৬(ছয়) সেট দরখাস্ত আগামী ২৬/০২/২০১৮ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন (সকাল ৮.০০ টা থেকে বেলা ৩.৩০ মিনিট পর্যন্ত) গৃহীত হবে।

অগ্রণী /জনতা ব্যাংক লিঃ-এর যে কোনো শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী ব্যাংক লিঃ/জনতা ব্যাংক লিঃ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম এর উপর প্রদেয় দরখাস্ত ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট (উক্ত দু'টি ব্যাংকের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা থেকে হলে পে-অর্ডার),প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন)কপি সত্যায়িত ফটো দরখাস্তের মূল সেটের সাথে এবং মার্কসীট/ট্রান্সক্রিপ্টসহ সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও জাতীয় পরিচয়পত্র/নাগরিকত্বের সার্টিফিকেটের সত্যায়িত কপি দরখাস্তের প্রত্যেক সেটের সাথে সংযোজন করতে হবে। দরখাস্ত অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর নিকট নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে। দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং সংশ্লিষ্ট কাগজপত্র ফেরৎ যোগ্য নয়।

চলমান-৩

প্রয়োজনীয় বই এর ক্ষেত্রে abstract ও article এর ক্ষেত্রে পূর্ণ article এর ফটোকপিসহ (accepted প্রকাশনার ক্ষেত্রে acceptance letter ও পান্ডুলিপিসহ) প্রকাশনার তালিকা আবেদনপত্রের প্রত্যেক সেটের সাথে সংযোজন করতে হবে।

ফি ব্যতিরেকে কিংবা উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্য কোনো ব্যাংকে দেয় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ প্রাপ্ত দরখাস্ত, বিজ্ঞপ্তির শর্ত পূরণ না করলে সে দরখাস্ত, বিজ্ঞাপিত যোগ্যতা অনুযায়ী প্রয়োজনীয় ডিগ্রির পরীক্ষায় appeared প্রার্থীর পেশকৃত দরখাস্ত, নির্ধারিত শেষ তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত ও ডাকযোগে/কুরিয়ার সার্ভিস ইত্যাদির মাধ্যমে প্রেরিত কোনো দরখাস্ত নির্ধারিত শেষ তারিখের মধ্যে পাওয়া না গেলে সে দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বিশেষ ক্ষেত্রে অতিরিক্ত পরিপূর্ণ এক সেট দরখাস্ত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করে নির্ধারিত সংখ্যক দরখাস্তের সেট (ব্যাংক ড্রাফট ও সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ) অগ্রিম কপি হিসেবে যথাসময়ে দাখিল করা যাবে। নির্বাচিত প্রার্থীগণের মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে কোনো প্রতিষ্ঠানের এল.পি.সি. গ্রহণ করা হবে না।

২৮/০১/১৮

(প্রফেসর ড.মোহাম্মদ কামরুল হুদা)
রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
যোগাযোগ-৭২৬৩১১-১৪, এক্স-৪২০১.

২৮/০১/২০১৮